সংবাদ

তারিখ 13 AUG 2008
পৃষ্ঠা ৪ কলাম ৬

# ফল বিপর্যয় : জামালপুরে ৯ স্কুলের এমপিও স্থগিত

জেলা বার্তা পরিবেশক, জামালপুর

এসএসসি পরীক্ষার ফল বিপর্যয়ের কারণে জামালপুর জেলার ৯টি স্কুলের এমপিও স্থগিত করেছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর। ২০০৭-০৮ সালের মাধ্যমিক পরীক্ষার ফল অত্যন্ত খারাপ হওয়ায় শিক্ষা অধিদপ্তর থেকে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছিল ৯ স্কুলকে। কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় ৯ স্কুলের শিক্ষকদের বেতন-ভাতা স্থগিত করে শিক্ষা অধিদপ্তর থেকে অগ্রণী ব্যাংকের জামালপুর আঞ্চলিক কার্যালয়ে সম্প্রতি একটি চিঠি পাঠানো হয়েছে।

শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক আনোয়ার হোসেন স্বাক্ষরিত চিঠিতে বলা হয়েছে, '৯৫ সালের ২৪ অক্টোবর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতার সরকারি অংশ এবং জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালার ১৮ অনুচ্ছেদ অনুযায়ী মন্ত্রণালয়ের পক্ষ থেকে এসব স্কুলের এমপিওভুক্তি কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানোতে বলা হয়েছিল। নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় এ ৯ স্কুলের এমপিওভুক্তি ১৭ জুন থেকে স্থগিত করা হয়েছে। স্কুলগুলো হচ্ছে- জামালপুর শহরের জরিনা নিয়ারউদ্দিন বালিকা বিদ্যালয়, মেলান্দহের বালুআটা এমএ রশিদ বালিকা বিদ্যালয়, সরিষাবাড়ী ব্যারিস্টার সালাম তালুকদার উচ্চবিদ্যালয়, মাদারগঞ্জের ঝারকাটা বালিকা বিদ্যালয়, ইসলামপুরের হাড়গিলা উচ্চবিদ্যালয়, সাঁপধরি উচ্চবিদ্যালয়, চলগাছা বালিকা উচ্চবিদ্যালয়, ৪ নম্বর চর উচ্চবিদ্যালয় এবং টিঙ্গারগড় বজলুল হক উচ্চবিদ্যালয়। যেসব বিদ্যালয়ে কমপক্ষে ৫ ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় পাস করতে পারেনি, সেসব বিদ্যালয়ের এমপিও স্থগিত করা হয়েছে।